

অতীব জরুরী  
হজ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়  
হজ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.hajj.gov.bd


নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫ (অংশ-৩)-৪৬৩

তারিখ : ০২/০৪/২০১৭খ্রিঃ

বিষয় : হজ-২০১৭ (১৪৩৮ হিজরি) উপলক্ষে রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত হাজীদের আবাসন ভাড়া সংক্রান্ত প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডকরণ।

সূত্র : বাংলাদেশ হজ অফিস, জেদ্দার স্মারক নং-১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-১০১১৪, তারিখ: ২৯/০৩/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হজ-২০১৭ (১৪৩৮ হিজরি) উপলক্ষে রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত হাজীদের জন্য আবাসন ভাড়া সংক্রান্ত প্রজ্ঞাপনটি হজের ওয়েবসাইটে (www.hajj.gov.bd) আপলোড করার জন্য অনুরোধ করা হলো। একইসঙ্গে সংশ্লিষ্ট সকলকে রাজকীয় সৌদি সরকারের হজ ও ওমরাহ মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনটি (সংযুক্ত) যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



মো: আবুল হাসান

সিনিয়র সহকারী সচিব (হজ-১)

ফোন : ৯৫৮৪৩২২

[morahajsection@gmail.com](mailto:morahajsection@gmail.com)

ব্যবস্থাপনা পরিচালক  
বিজনেস অটোমেশন লি:  
কাওরান বাজার, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.১৮.০০৫.১৫ (অংশ-৩)-৪৬৩

তারিখ : ০২/০৪/২০১৭খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
- ২। পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, আশকোনা, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), নয়াপল্টন, ঢাকা (সংশ্লিষ্ট সকলকে অবহিত করত: প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের অনুরোধসহ)।

মো: আবুল হাসান

সিনিয়র সহকারী সচিব (হজ-১)

(অনুবাদিত কপি)

নাশনাল আদিব্লা ইষ্টঃ

চেয়ারম্যানের অফিস

তারিখ : ২৭.০৬.১৪২৮ হিজরী (২৬.০৩.২০১৭)

অতিব গুরুত্বপূর্ণ প্রজ্ঞাপন

প্রাপক : ১৪৩৮ হিজরী হজ্জ মৌসুমে কার্যক্রম পরিচালনাকারী মদিনাস্থ সকল হজ্জ অফিসসমূহ।

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু,,,

মাননীয় হজ্জ ও ওমরা মন্ত্রী কর্তৃক মদিনাস্থ মাননীয় গভর্নর এর বরাবর লিখিত পত্র নং-৩৮০৪২৩০৫০০০৯ তারিখ : ২৩.০৪.১৪৩৮ হিজরী এর আলোকে মদিনাস্থ হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের মাননীয় সচিব (ডিজিট) এর পত্র নং-৩৮০৬১৪০৩০০০৫ তারিখ : ১৪.০৬.১৪৩৮ হিজরী এর প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আবাসন সেবা নিশ্চিত করার সাথে সাথে শান্তি ও সুস্থতা এবং একই সাথে নিরাপত্তার বিষয়গুলো বিবেচনা করে ১৪৩৮ হিজরী (২০১৭) হজ্জ মৌসুমে আবাসন নীতিমালায় বিভিন্ন চাহিদা সংযোজন করা হয়েছে। এমতাবস্থায়, সকল হজ্জ অফিস, হজ্জ এজেন্সী এবং ট্রাভেল এজেন্সীসমূহ তাদের হজ্জযাত্রীদের জন্য আবাসন ভাড়া ক্ষেত্রে নিম্নরূপ বিষয়গুলো অনুসরণ করবে।

প্রথম - সেবা, শান্তি ও সুস্থতার বিষয়ে করণীয় :

- ০১। কক্ষের বিছানা পরিষ্কার পরিচ্ছন্ন হতে হবে।
- ০২। ধারাবাহিকভাবে বিছানার চাদর পরিবর্তন করতে হবে।
- ০৩। কোন কক্ষেই সীট সংখ্যা ০৪ (চার) জনের অধিক হবে না।
- ০৪। সার্বক্ষণিকভাবে ভবনের পরিষ্কার পরিচ্ছন্নতা রক্ষার জন্য পর্যাপ্ত লোক রাখতে হবে।
- ০৫। হারানো হাজী ও অভিযোগ গ্রহণ ও জরুরী অবস্থা অবহিত করার জন্য ভবনে সার্বক্ষণিক লোক রাখতে হবে।
- ০৬। ভবনে হজ্জযাত্রী অবস্থানকালে কোন প্রকার বিরতি না দিয়ে সার্বক্ষণিকভাবে পানি সরবরাহ নিশ্চিত করতে হবে।
- ০৭। কোন কারণে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হলে জেনারেটরের মাধ্যমে সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।

দ্বিতীয় - নিরাপত্তা সংক্রান্ত :

- ০১। ভবনের সকল তলাতে সি.সি ক্যামেরা থাকতে হবে।
- ০২। তাসরিহ এর তথ্যনুযায়ী ভৌগলিক অবস্থান ও স্থানীয় ঠিকানা (ওয়াসেল) থাকতে হবে। একইভাবে হাজী শহরে (মক্কা আল মোকাররমা এবং মদিনা আল মোনাওয়ারা) ভবনের তাসরিহ অনুযায়ী নির্দিষ্ট ইলেক্ট্রনিক ঠিকানা থাকতে হবে।
- ০৩। সার্বক্ষণিকভাবে ভবনে প্রশিক্ষণপ্রাপ্ত নিরাপত্তাকর্মী থাকা নিশ্চিত করতে হবে।

আশা করি হজ্জযাত্রী ও মদিনা জিয়ারাতকারীদের নিরাপত্তার কথা বিবেচনা করে আবাসন সংক্রান্ত নির্দেশিকা ও মদিনাস্থ হজ্জ ও ওমরা মন্ত্রণালয়ের সচিব (ডিজিট) মহোদয়ের উপরোল্লিখিত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে। একই সাথে বিষয়টি পর্যটন কোম্পানী ও ট্রাভেল এজেন্সী কর্তৃপক্ষকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

আমার আন্তরিক ধন্যবাদ গ্রহণ করুন।



চেয়ারম্যান, পরিচালনা পরিষদ

নাশনাল আদিব্লা ইষ্টঃ

স্বাক্ষর/

দলীল/হাতেম বিন জাফর বাগী